গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশিক্ষণ শাখা

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | একেএম আফতাব হোসেন প্রামানিক<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৩ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং- ১৭০৯, ভবন নং- ০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**২.০** সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে বর্তমান সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২০২৩ বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।

**৩.০** অতঃপর শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বর্তমান ২০২২-২০২৩ অর্থবছরে ১ম ত্রৈমাসিকে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে আজকের সভা অনুষ্ঠিত হচ্ছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রতিবেদন নিম্নরূপ:

| নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৩.১ | ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিকের পরিবীক্ষণ কমিটির কোনরূপ পরিবর্তন না হওয়ায় পূর্বের কমিটিই বলবৎ থাকবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হবে। | মন্ত্রিপরিষদ বিভাগে বর্ণিত প্রতিবেদন প্রেরণ করা হবে। |
| ৩.২ | ইতোমধ্যে যেসব কর্মকর্তা বদলি হয়ে অন্যত্র চলে গেছেন, তদস্থলে যোগদানকৃত কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করে হালনাগাদ সিটিজেন্স চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | হালনাগাদ সিটিজেন্স চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হবে। |

**৪.০** সভায় জানানো হয় যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী একটি ছক প্রণয়ন করা হয়েছে। উক্ত ছকে নিম্নরূপ বিষয়সমূহ উল্লেখ আছে:

১. প্রাতিষ্ঠানিক : ১.১ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন; ১.২ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; ১.৩ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন এবং ১.৪ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ)।

২. সক্ষমতা অর্জন : ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং ২.২ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।

৫.০ সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এবং জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ প্রণয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৫.১ সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| নং | কার্যক্রমের ক্ষেত্র | কার্যক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ক | প্রাতিষ্ঠানিক | ১.১ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | এ বিভাগে গত ২৯ জুন ২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২১-১৩০নং স্মারকে গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়। উক্ত কমিটির কোনো সদস্য অন্যত্র বদলি না হওয়ায় পূর্বের কমিটিই বলবৎ থাকবে মর্মে সভায় আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি গঠনের অফিস আদেশ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| | | ১.২ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত আয়োজন করা হবে এবং বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে মর্মে আলোচনা করা হয়। | ১ম ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তসমূহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| | | ১.৩ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রতি কোয়ার্টারে ০১টি করে মোট ০৪ (চার) টি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী ১ম কোয়ার্টারের সভা আয়োজন হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগকে প্রমাণকসহ অবহিত করা হবে মর্মে আলোচনা করা হয়। | ১ম ত্রৈমাসিকে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০১টি সভা আয়োজন করে সকল প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| | | ১.৪ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যেসকল কর্মকর্তা ইতোমধ্যে এ বিভাগ হতে অন্যত্র বদলি হয়ে গেছেন সেসকল কর্মকর্তার তথ্য সিটিজেন্স চার্টার থেকে বাদ দিয়ে এবং যেসকল কর্মকর্তা এ বিভাগে যোগদান করেছেন তাদের তথ্য অন্তর্ভুক্ত করে হালনাগাদ করতঃ এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ এবং মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। | ১ম ত্রৈমাসিকের সিটিজেন্স্ চার্টার আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে হালনাগাদ করে এ বিভাগের website এ প্রকাশ করা হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| খ | সক্ষমতা অর্জন | ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন | ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২ (দুই) টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী প্রশিক্ষণ শাখা হতে বর্ণিত বিষয়ে কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সংশ্লিষ্ট প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য আলোচনা করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি কর্মশালা/ প্রশিক্ষণ ২য় ও ৩য় ত্রৈমাসিকে আয়োজন করা হবে। বর্ণিত কর্মশালা/প্রশিক্ষণের সংশ্লিষ্ট প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২.২ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ (দুই)টি অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ২য় ও ৩য় ত্রৈমাসিকে আয়োজন করা হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রমাণক দাখিল করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

৬.০ চলতি জুলাই-সেপ্টেম্বর ২০২২ সময়ের ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। চলতি ১ম ত্রৈমাসিকের (জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত অনুষ্ঠিত ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখের সভার কার্যবিবরণীসহ সকল প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করা হবে।

৭.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

একেএম আফতাব হোসেন প্রামানিক
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৪.১৬.০০৩.২১-৩৫৭

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) উপসচিব , প্রশাসন ও সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) অফিস কপি।

মো: ইব্রাহিম ভূঞা
উপসচিব